যুগান্তর

তারিখ ... 20 MAY 2016 ...
পৃষ্ঠা ...১... কলাম ১ ...

৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন

# সেলিম ওসমানের সংসদ সদস্য পদ বাতিল ও গ্রেফতার দাবি

যুগান্তর ডেস্ক

নারায়ণগঞ্জে পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তিকে লাঞ্ছনার ঘটনায় সেলিম ওসমানের সংসদ সদস্য পদ বাতিল ও তাকে গ্রেফতারের দাবি জানিয়েছেন শিক্ষকরা। ওই ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একযোগে মানববন্ধন হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে এ মানববন্ধনে বক্তারা শিক্ষককে নির্যাতন ও কান ধরে উঠবোস করানোর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। পাশাপাশি আগামীতে যেন এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয় সরকারকে সেই ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়। যুগান্তরের বিশ্ববিদ্যালয় রিপোর্টার, ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

শিক্ষক লাঞ্ছনা ন্যক্কারজনক
— ড. জাফর ইকবাল

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** কেন্দ্রীয়ভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে মানববন্ধন হয়। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ও ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে এবং ফেডারেশনের মহাসচিব ও ঢাবি শিক্ষক সমিতির সাধারণ ■ পৃষ্ঠা ১৪ : কলাম ১

## সেলিম ওসমানের সংসদ সদস্য পদ বাতিল দাবি

(১ম পৃষ্ঠার পর)

সম্পাদক অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালের পরিচালনায় সমাবেশে বিভিন্ন বিভাগের শিক্ষকরা বক্তব্য রাখেন।

মানববন্ধনে অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, একজন শিক্ষকের সঙ্গে এ ধরনের ঘটনায় আমরা লজ্জিত, স্তম্ভিত। শিক্ষক সমাজ এমন ঘটনা বরদাশত করবে না। অবিলম্বে সেলিম ওসমানকে আইনের আওতায় এনে গ্রেফতার করতে হবে। এ ঘটনায় দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের মাধ্যমে আগামীতে যাতে এমন ঘটনা না ঘটে সেই নিশ্চয়তা দিতে হবে। এ সময় তিনি জাতীয় পার্টি থেকে সেলিম ওসমানকে বহিষ্কারের জন্য দলটির নীতিনির্ধারকদের প্রতি আহ্বান জানান।

**সিলেট :** জনপ্রিয় লেখক ও বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, নারায়ণগঞ্জে শিক্ষককে যেভাবে লাঞ্ছিত করা হয়েছে তা বাংলাদেশের ইতিহাসে ন্যক্কারজনক ঘটনা। এ ধরনের ঘটনা বাংলাদেশকে অসভ্য, বর্বর মানুষের দেশ হিসেবে বিশ্বে প্রমাণিত করবে। সকালে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে শাবি শিক্ষক সমিতির মানববন্ধনে তিনি এসব কথা বলেন। জাফর ইকবাল আরও বলেন, যদি ওই এমপির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া না হয়, তবে দেশে এটা প্রতিষ্ঠিত হয়ে যাবে যে, ক্ষমতায় থাকলে যে কাউকে অপদস্থ করা যায়।

**রাজশাহী বিশ্ববিদ্যালয় :** বেলা ১১টায় বিশ্ববিদ্যালয় সিনেট ভবনের সামনে মানববন্ধন হয়েছে। রাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মো. শাহ্ আজমের সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য দেন সমিতির সভাপতি অধ্যাপক ড. মুহম্মদ শহীদুল্লাহ, প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মো. হাবিবুর রহমান, সমাজকর্ম বিভাগের সভাপতি অধ্যাপক ছাদেকুল আরেফিন প্রমুখ।

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় :** সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। একই স্থানে সকাল সাড়ে ১০টায় মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করে সনাতন বিদ্যার্থী সংসদ। এ সময় সনাতন বিদ্যার্থী সংসদের শিক্ষার্থীরা প্রতীকী কান ধরে দাঁড়িয়ে থাকেন। শিক্ষকদের মানববন্ধনে সমিতির সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক বশির আহমেদ বলেন, যে শিক্ষক দেশ গড়ার কারিগর তার সঙ্গে যদি এমন হয় তাহলে দেশের বিচারব্যবস্থা কোথায়?

**চট্টগ্রাম :** দুপুরে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ের সামনে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক গৌতম কুমার দেবনাথ। বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ নুরুল আবছার খান, অধ্যাপক ড. মো. কবিরুল ইসলাম খান প্রমুখ।

**বরিশাল :** বেলা ১১টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে মানববন্ধন করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। মানববন্ধনে বক্তব্য রাখেন সমিতির সভাপতি আরিফ হোসেন, সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন। এছাড়া বাংলাদেশ শিক্ষক সমিতি বরিশাল আঞ্চলিক শাখার আয়োজনে বেলা ১১টায় নগরীর অশ্বিনী কুমার হলের সামনে মানববন্ধন করা হয়।

**দিনাজপুর :** বেলা ১১টায় হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সামনে দিনাজপুর-ঢাকা মহাসড়কে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির আহ্বায়ক মো. মিজানুর রহমান, প্রফেসর ড. মো. আনিস খান, প্রফেসর ড. বলরাম রায় প্রমুখ।

**রংপুর :** বেলা ১১টায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে এবং বিকেল সাড়ে চারটায় স্থানীয় প্রেস ক্লাবের সামনে বিভিন্ন সামাজিক সংগঠনের উদ্যোগে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়, ক্যাম্পাসের প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন বেরোবি শাখার শিক্ষক সমিতির সভাপতি ড. আর এম হাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক ড. তুহিন ওয়াদুদ প্রমুখ।

**খুলনা :** খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে বেলা ১১টায় ক্যাম্পাসে মানববন্ধন হয়। সমিতির সভাপতি (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. সরদার সফিকুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. সারওয়ার জাহানের সঞ্চালনায় বক্তৃতা করেন প্রফেসর ড. আশীষ কুমার দাস।

**জবি :** বেলা ১১টায় ভাষা শহীদ রফিক ভবনের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীনের সভাপতিত্বে এ মানববন্ধনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন।